



# UNITED PEOPLES DEMOCRATIC FRONT (UPDF) ইউনাইটেড পিপলস ডেমোক্রেটিক ফ্রন্ট (ইউপিডিএফ)

(A political party based in the Chittagong Hill Tracts, Bangladesh)  
Mailing Address :Swanirbhar bazaar, Khagrachari, Northern Chittagong Hill Tracts, Bangladesh.  
Email. updfcht@yahoo.com Website: www.updfcht.com

Ref:

Date: ১৬ অক্টোবর ২০২২

প্রেস বিজ্ঞপ্তি

## ইউপিডিএফ'কে জড়িয়ে স্বরাষ্ট্রমন্ত্রীর বক্তব্যের প্রতিবাদ জানিয়েছে দলটি

পাহাড়ে অস্থিতিশীল পরিস্থিতি সৃষ্টির পেছনে ইউপিডিএফ'কে দায়ী করে স্বরাষ্ট্রমন্ত্রী আসাদুজ্জামান খান কামালের দেয়া বক্তব্যের তীব্র আপত্তি ও প্রতিবাদ জানিয়ে দলটি আজ রবিবার, ১৬ অক্টোবর ২০২২ সংবাদ মাধ্যমে এক বিবৃতি দিয়েছে।

ইউনাইটেড পিপলস ডেমোক্রেটিক ফ্রন্ট (ইউপিডিএফ)-এর মুখপাত্র অংগ্য মারমা বিবৃতিতে বলেছেন, 'ইউপিডিএফ গণতান্ত্রিক পন্থায় লড়াই সংগ্রাম সংগঠিত করছে। সীমান্তে অস্থিতিশীল পরিস্থিতি সৃষ্টির অভিযোগ মনগড়া ও ভিত্তিহীন। পার্বত্য চট্টগ্রামের জনগণের ন্যায়সঙ্গত দাবি পূর্ণস্বায়ত্তশাসনের আন্দোলন সম্পর্কে দেশবাসীর মনে বিভ্রান্তি ছড়ানোর লক্ষ্যে স্বরাষ্ট্রমন্ত্রী এমন কাল্পনিক ও বিভ্রান্তিকর মন্তব্য করেছেন।'

উল্লেখ্য, আজ রবিবার (১৬ অক্টোবর ২০২২) সকালে ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তরে এক অনুষ্ঠান শেষে তথাকথিত কুকি-চিন ন্যাশনাল ফ্রন্ট (কেএনএফ)-এর সাথে ইসলামী জঙ্গী গোষ্ঠীর সম্পৃক্ততা নিয়ে সাংবাদিকদের প্রশ্নের জবাবে স্বরাষ্ট্রমন্ত্রী আসাদুজ্জামান খান কামাল অহেতুক ইউপিডিএফ'কে টেনে এনে এ ধরনের আপত্তিকর কথা বলেন।

বার্তা প্রেরক

নিরন চাকমা

প্রচার ও প্রকাশনা বিভাগ

ইউনাইটেড পিপলস ডেমোক্রেটিক ফ্রন্ট (ইউপিডিএফ)।